**Roll No.** | | | | | | | | |

(Write Roll Number from left side exactly as in the Admit Card)

*Signature of Invigilator*

**Question Booklet Series** **X**

**PAPER–II**

**Question Booklet No.**
(Identical with OMR Answer Sheet Number)

**Subject Code : 02**

# BENGALI

*Time : 2 Hours* *Maximum Marks: 200*

### *Instructions for the Candidates*

1. Write your Roll Number in the space provided on the top of this page as well as on the OMR Sheet provided.
2. At the commencement of the examination, the question booklet will be given to you. In the first 5 (five) minutes, you are requested to open the booklet and verify it:
   (i) To have access to the Question Booklet, tear off the paper seal on the edge of this cover page.
   (ii) Faulty booklet, if detected, should be got replaced immediately by a correct booklet from the invigilator within the period of 5 minutes. Afterwards, neither the Question Booklet will be replaced nor any extra time will be given.
   (iii) Verify whether the Question Booklet No. is identical with OMR Answer Sheet No.; if not, the full set is to be replaced.
   (iv) After this verification is over, the Question Booklet Series and Question Booklet Number should be entered on the OMR Sheet.
3. This paper consists of One Hundred (100) multiple-choice type questions. All the questions are compulsory. Each question carries *two* marks.
4. Each Question has four alternative responses marked: (A) (B) (C) (D). You have to darken the circle as indicated below on the correct response against each question.
   *Example:* (A) (B) ● (D), where (C) is the correct response.
5. Your responses to the questions are to be indicated correctly in the OMR Sheet. If you mark your response at any place other than in the circle in the OMR Sheet, it will not be evaluated.
6. Rough work is to be done at the end of this booklet.
7. If you write your Name, Phone Number or put any mark on any part of the OMR Sheet, except in the space allotted for the relevant entries, which may disclose your identity or use abusive language or employ any other unfair means, such as change of response by scratching or using white fluid, you will render yourself liable to disqualification.
8. Do not tamper or fold the OMR Sheet in any way. If you do so, your OMR Sheet will not be evaluated.
9. You have to return the Original OMR Sheet to the invigilator at the end of the examination compulsorily and must not carry it with you outside the Examination Hall. You are, however, allowed to carry question booklet and duplicate copy of OMR Sheet after completion of examination.
10. **Use only Black Ball point pen.**
11. **Use of any calculator, mobile phone, electronic devices/gadgets etc. is strictly prohibited.**
12. **There is no negative marks for incorrect answer.**

### *পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী*

১. এই পৃষ্ঠার উপরিভাগের নির্দিষ্ট স্থানে এবং OMR পত্রের নির্দিষ্ট স্থানে নিজের ক্রমিক সংখ্যা (Roll No.) লিখুন।

২. পরীক্ষার সূচনায় প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) আপনাকে দেওয়া হবে। প্রথম ৫ (পাঁচ) মিনিটেই প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) খুলে নিবিড় ভাবে যাচাই করে নেওয়ার জন্য আপনাকে অনুরোধ করা হচ্ছে ঃ
   (i) প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) উন্মুক্ত করতে প্রচ্ছদ পৃষ্ঠার (Cover Page) প্রান্তস্থ কাগজের সীলটি আপনাকে খুলতে হবে।
   (ii) যদি প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) ত্রুটিযুক্ত এমন নির্ধারিত হয়, তাহলে পরীক্ষা শুরুর প্রথম পাঁচ মিনিটের মধ্যে পরীক্ষা পরিদর্শক সেটি সঠিক প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) দ্বারা প্রতিস্থাপিত করে দেবেন। এই সময়ের পর কোনও ভাবে প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) প্রতিস্থাপন করা যাবে না। কোনও অতিরিক্ত সময়ও দেওয়া হবে না।
   (iii) প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) এবং OMR পত্রের নম্বর অভিন্ন আছে কিনা যাচাই করে নেবেন। নম্বরে অমিল থাকলে সম্পূর্ণ সেট্‌টি প্রতিস্থাপিত করতে হবে।
   (iv) যাচাই সম্পূর্ণ হলে প্রশ্নপত্র-পুস্তিকার (Booklet) সিরিজ এবং প্রশ্নপত্র পুস্তিকার (বুকলেট) নম্বর OMR পত্রে লিপিবদ্ধ করতে হবে।

৩. এই পত্রটিতে একশত (১০০)-টি বহুমুখী উত্তরধর্মী প্রশ্ন (Multiple-choice Type Questions) রয়েছে। প্রতিটি প্রশ্নের উত্তর করা আবশ্যিক। প্রতিটি প্রশ্নের মান *দুই*।

৪. প্রতিটি প্রশ্নের উত্তররূপে চারটি বৃত্ত (Circle) চিহ্নিত বিকল্প উত্তর রয়েছে ঃ (A) (B) (C) (D)। নিম্নলিখিত নির্দেশমত আপনাকে সঠিক উত্তরটির বৃত্ত ঘন কালো করতে হবে।
   *উদাহরণ ঃ* (A) (B) ● (D), যেখানে সঠিক উত্তর (C)।

৫. আপনার দেওয়া প্রশ্নের সঠিক উত্তরগুলি যেন OMR পত্রের নির্দিষ্ট স্থানেই দেওয়া হয়। OMR পত্রের নির্দিষ্ট বৃত্তের বাইরে উত্তর দিলে কোনও ভাবেই তা মূল্যায়িত হবে না।

৬. প্রশ্নপত্র-পুস্তিকার (Booklet) শেষ অংশে রাফ কাজ (rough work) করবেন।

৭. OMR পত্রের নির্দিষ্ট স্থানে নির্দিষ্ট তথ্য প্রদান ব্যতীত আপনি যদি অতিরিক্ত কোনও ব্যক্তিগত তথ্য যথা— নাম, ফোন নম্বর লেখেন অথবা এমন কোনও ইঙ্গিত দেন যার দ্বারা আপনার ব্যক্তিগত পরিচয় চিহ্নিত হতে পারে অথবা কোনও অবমাননাকর ভাষার প্রয়োগ হয় অথবা অসৎ কোনও উপায় অবলম্বন করা হয় যথা— আঁচড় দিয়ে বা সাদা কালি দিয়ে উত্তর পরিবর্তনের প্রয়াস করা হয়, সেক্ষেত্রে আপনি আপনার উত্তরপত্র বাতিলের জন্য দায়ী থাকবেন।

৮. OMR পত্রটি কোনও ভাবে ক্ষতিগ্রস্ত করবেন না বা ভাঁজ করবেন না। সেক্ষেত্রে আপনার OMR পত্রটি মূল্যায়িত হবে না।

৯. পরীক্ষা সমাপ্ত হলে আবশ্যিক ভাবে প্রকৃত (Original) OMR পত্রটি পরীক্ষা পরিদর্শককে জমা দিতে হবে এবং কোনও ভাবে এটি পরীক্ষা কক্ষের বাইরে নিজের সঙ্গে বহন করা যাবে না। আপনি অবশ্য পরীক্ষা সমাপ্ত হওয়ার পর প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) ও OMR পত্রের নকল (Duplicate) কপিটি নিজের সঙ্গে বহন করে নিয়ে যেতে পারবেন।

১০. **শুধুমাত্র কালো বল্ পয়েন্ট পেন ব্যবহার করবেন।**

১১. **কোনও প্রকার ক্যালকুলেটর, মোবাইল ফোন, বৈদ্যুতিন উপকরণের (ডিভাইস/গ্যাজেটস ইত্যাদি) ব্যবহার কঠোরভাবে নিষিদ্ধ।**

১২. **ভুল উত্তরের জন্য কোনও রকম নেতিবাচক (Negative) নম্বর দেওয়া হবে না।**

## Paper II

## (Bengali)

**1.** 'তিসি' শব্দের উৎস লিখুন।

(A) আতসী

(B) অতিসি

(C) অতসী

(D) উপরের কোনোটিই নয়

**2.** 'পাদোদক' থেকে 'পাদক' কীসের উদাহরণ?

(A) সমীভবন

(B) স্বরসঙ্গতি

(C) সমাক্ষর লোপ

(D) উপরের কোনোটিই নয়

**3.** উচ্চারণে অ-কারের 'ও'-কার প্রবণতা বাংলার যে উপভাষার লক্ষণ

(A) বরেন্দ্রী

(B) রাঢ়ী

(C) কামরূপী

(D) বঙ্গালী

**4.** 'উচ্ছ্বাস' শব্দটি ধ্বনি পরিবর্তনের যে ধারার অন্তর্গত

(A) আংশিক সমীভবন

(B) পরাগত সমীভবন

(C) প্রগত সমীভবন

(D) অন্যোন্য সমীভবন

**5.** 'জন্মান্তর' শব্দটি যে সমাসের উদাহরণ

(A) দ্বিগু

(B) দ্বন্দ্ব

(C) নিত্য

(D) বহুব্রীহি

**6.** ''কাহেরি ঘিনি মেলি অচ্ছহু কীস।''
চর্যাগীতির এই পদটির রচয়িতা

(A) কাহ্ন পা

(B) ভুসুকু পা

(C) লুই পা

(D) কুক্কুরী পা

**7.** ''ভবনির্ব্বাণে পড়হ মাদলা।''
'পড়হ' শব্দের অর্থ হল

(A) পড়ো

(B) পট

(C) পটহ

(D) বাজনা

**8.** ''দেখিলোঁ প্রথম নিশী সপন সুন তোঁ বসী''— প্রথম রাত্রে রাধা স্বপ্নে দেখেছিলেন

(A) কৃষ্ণ আড়বাঁশি বাজাচ্ছেন

(B) কৃষ্ণ আলিঙ্গন প্রার্থনা করছেন

(C) কৃষ্ণ মিলনে কাতর হয়েছেন

(D) কৃষ্ণ অধর চুম্বন করছেন

**9.** ''যে দেব স্মরণে পাপ বিমোচনে দেখিলোঁ হএ মুকতী।'' 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে এটি যার উক্তি

(A) রাধা

(B) কৃষ্ণ

(C) বড়ায়ি

(D) আইহন

**10.** মালাধর বসু যে কারণে ভাগবত অনুবাদ করেছিলেন

(A) পিতার আদেশে

(B) গৌড়েশ্বরের নির্দেশে

(C) লোক নিস্তার করতে

(D) পুণ্য অর্জনের জন্য

[ Please Turn Over ]

**11.** বিজয় গুপ্তের মনসামঙ্গল কাব্যের নাম

(A) পদ্মপুরাণ

(B) পদ্মাপুরাণ

(C) মনসা বিজয়

(D) মনসা ভাসান

**12.** বিজয় গুপ্তের মনসামঙ্গল কাব্য রচনাকালে বাংলার শাসক ছিলেন

(A) রুকনুদ্দিন বরবক শাহ

(B) গণেশ

(C) হোসেন শাহ

(D) কংস নারায়ণ

**13.** ''কাঁচলি পাইলে এখন বেহুলা ঘরে যায়''—বিজয় গুপ্তের মনসামঙ্গলে বেহুলার **কাঁচলি** যিনি নির্মাণ করেন

(A) পদ্মাবতী

(B) বিশ্বকর্মা

(C) গঙ্গাদেবী

(D) নেত

**14.** মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল'-এ ধনপতি ও খুল্লনার বিবাহে ঘটক ছিলেন

(A) জনার্দন

(B) মথুরেশ

(C) দনাই

(D) জয় দত্ত

**15.** ধনপতি বাণিজ্যের পরিকল্পনায় নারিকেলের বদলে যা পাবে আশা করেছিল

(A) লবঙ্গ

(B) শঙ্খ

(C) মাতঙ্গ

(D) গুয়া

**16.** 'অন্নদামঙ্গল' কাব্যে বিষ্ণু হোড়ের গ্রামের নাম

(A) বড়গাছি

(B) বর্ধমান

(C) কদম্বগাছি

(D) কৃষ্ণনগর

**17.** 'শ্রীচৈতন্যভাগবত'-এ ঈশ্বর পুরীর জন্মস্থান হল

(A) শ্রীহট্ট

(B) তেহট্ট

(C) কুমারহট্ট

(D) গয়াধাম

**18.** 'শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত'-এ মধ্যলীলার যে পরিচ্ছেদে চৈতন্যদেব রূপ-সনাতনের নামকরণ করেছিলেন

(A) প্রথম

(B) পঞ্চম

(C) অষ্টম

(D) নবম

**19.** রায় রামানন্দ যে প্রেমকে 'সর্বসাধ্যসার' বলেছিলেন

(A) দাস্য

(B) সখ্য

(C) বাৎসল্য

(D) কান্তা

**20.** ''চাহ মুখ তুলি রাই চাহ মুখ তুলি।
নয়ান নাচনে নাচে হিয়ার পুতলি।।''

—পদটির রচয়িতা হলেন

(A) চণ্ডীদাস

(B) রায়শেখর

(C) বসু রামানন্দ

(D) জ্ঞানদাস

**21.** পূর্বরাগ পর্যায়ে সর্বমোট 'দশা'-র সংখ্যা হল

(A) পাঁচ

(B) সাত

(C) নয়

(D) দশ

**22.** ''ভালেতে অলকা দিল নাকেতে বেশর।
বিদ্যুৎ বরণী বামা রূপের আকর।।''
কৃত্তিবাসের রামায়ণে এই বর্ণনা যে নারী সম্পর্কে

(A) সীতা

(B) কৈকেয়ী

(C) ইন্দুমতী

(D) সরমা

**23.** ''মর্তলোকে যদি বহে প্রবাহ গঙ্গার।
তবে সে তোমার বংশ হইবে উদ্ধার।।''
কপিল মুনি যাকে একথা বলেছিলেন

(A) সগর রাজা

(B) ভগীরথ

(C) অংশুমান

(D) রুহিদাস

**24.** দ্রোণের শিক্ষাদানে যুধিষ্ঠির যে বিদ্যায় শ্রেষ্ঠ হয়েছিলেন

(A) অসিযুদ্ধ

(B) রথচালনা

(C) গুপ্ত অস্ত্রের প্রয়োগ

(D) মল্লযুদ্ধ

**25.** ''...ভাল ভাল বস্ত্র বীর বাছিয়া লইল।।''
কে বস্ত্র বেছে নিল?

(A) দুঃশাসন

(B) কীচক

(C) কর্ণ

(D) উত্তর

**26.** ''তোমার বিশিখঘাত গরল সন্ধান তাত
যেন বিষ বেড়ায় শরীর।।''
— এমন অবস্থা কার হয়েছে?

(A) লোর

(B) বামন

(C) স্বর্ণষ্ঠীব

(D) মিত্রকণ্ঠ

**27.** ''সুন্দরি তব চিত্ত নিঠুর পাসান।
কুলিশ না ভেদে কিএ পঞ্চশর বাণ।।''
— কার প্রতি কার উক্তি?

(A) চন্দ্রাণীর প্রতি বুদ্ধিশিখার

(B) চন্দ্রাণীর প্রতি লোরের

(C) ময়নাবতীর প্রতি মালিনীর

(D) ময়নার প্রতি ছাতনকুমারের

**28.** ''ওহে হর গঙ্গাধর, কর অঙ্গীকার, যাই আমি জনক-ভবনে।''
পদটির রচয়িতা

(A) রামপ্রসাদ সেন

(B) দাশরথি রায়

(C) রাজা রামকৃষ্ণ

(D) কমলাকান্ত ভট্টাচার্য

**29.** রামপ্রসাদের এই পদে বৈষ্ণব ও শাক্ত ভাবনার একীকরণ দেখা যায় ঃ

(A) হৃদয়-রাস-মন্দিরে দাঁড়া মা ত্রিভঙ্গ হয়ে

(B) যশোদা নাচাতো গো মা ব'লে নীলমণি

(C) (আমার) মা নয় সামান্য মেয়ে

(D) জান না রে মন, পরম কারণ, কালী কেবল মেয়ে নয়

**30.** ''আসমানে তারার মধ্যে পূর্ণ মাসীর চান।।''
যার সম্পর্কে বলা হয়েছে—

(A) নদের চাঁদ

(B) মহুয়া

(C) সুজন বেদে

(D) পালং সই

**31.** কেনারামের বাবার নাম

(A) বলরাম

(B) রামরাম

(C) খেলারাম

(D) বেচারাম

**32.** মেঘনাদধাত্রী কে ছিলেন?

(A) বারুণী

(B) প্রভাষা

(C) মুরলা

(D) সুরমা

**33.** "অদেয় জগতে মন্দোদরীর নন্দন, দেবেন্দ্র।"— কে বলেছে?

(A) রমা

(B) ইন্দ্র

(C) সীতা

(D) উমা

**34.** 'সাধের আসন' কাব্যের অষ্টম সর্গের কিন্নর গীতিতে যে রাগের উল্লেখ আছে

(A) ললিত

(B) ভৈরবী

(C) কালাংড়া

(D) বিভাস

**35.** "সে কেন জলের মতো ঘুরে ঘুরে একা কথা কয়,"— যে কবিতার পঙক্তি

(A) চেতন স্যাকরা

(B) সর্বহারা

(C) বোধ

(D) শিকার

**36.** "বৃষ্টির আগে ঝড়, বৃষ্টির পরে বন্যা।"— যে কবিতার পঙক্তি

(A) মেঘদূত

(B) মহুয়ার দেশ

(C) বোধ

(D) ঘোড়সওয়ার

**37.** "অনাত্মীয় নব্য প্রতিভাস—
তবু জেনো আমরাই চেনা"—
যে কবির রচনা

(A) সমর সেন

(B) বিষ্ণু দে

(C) সুভাষ মুখোপাধ্যায়

(D) কাজী নজরুল ইসলাম

**38.** সুধীন্দ্রনাথ দত্তের 'যযাতি' কবিতায় যে ফরাসি কবির উল্লেখ রয়েছে

(A) বোদলেয়ার

(B) মালার্মে

(C) র‍্যাঁবো

(D) এলুয়ার

**39.** "মোর ডাইনে শিশু সদ্যোজাত জরায় মরা বামপাশে!" — প্রাসঙ্গিক কবিতার নাম

(A) বিদ্রোহী

(B) সর্বহারা

(C) পূজারিণী

(D) আজ সৃষ্টি সুখের উল্লাসে

**40.** "অনন্ত কুয়ার জলে চাঁদ পড়ে আছে," — কবিতায় কবি নবান্নের দিন যে গাছের চারা নিয়ে যেতে চেয়েছেন

(A) শেফালি

(B) কদম

(C) সূর্যমুখী

(D) গন্ধরাজ

**41.** ''এঁরা বর্ণচোরা আঁব, এদের চেনা ভার, না পারেন হেন কর্ম্মই নাই।'' 'হুতোম প্যাঁচার নক্‌শা' গ্রন্থে মন্তব্যটি করা হয়েছে যাদের সম্পর্কে

(A) চৌকিদার

(B) আরদালি

(C) দালাল

(D) ছুতোর

**42.** 'বিষবৃক্ষ' উপন্যাসের যে পরিচ্ছেদে নগেন্দ্র-কুন্দনন্দিনীর বিবাহ সম্পন্ন হয়েছিল

(A) ষোলো

(B) চব্বিশ

(C) ছাব্বিশ

(D) আঠাশ

**43.** ''বুড়ি বলিল, 'হাঁ, তুমি আমাদের মা ঠাকুরাণী'...।''— 'মা ঠাকুরাণী' কে?

(A) কুন্দ

(B) সূর্য্যমুখী

(C) কমলমণি

(D) হীরা

**44.** শ্রীকান্তের মেজদা এন্ট্রান্স ফেল করেছে যতবার

(A) একবার

(B) দুইবার

(C) তিনবার

(D) চারবার

**45.** ''...'ঠাকুরদাকে পুলিশে দেওয়া উচিত'
সর্বনাশ! শশী এ সব বলে কি?''
'ঠাকুরদা' কে?

(A) যাদব

(B) নিতাই

(C) যামিনী কবিরাজ

(D) মতির বাবা

**46.** ''এই সময় নবাগত জ্ঞাতিপুত্র নীরেন আসিয়া পড়াতে কথাবার্তা বন্ধ হইল।''— কারা কথা বলছিল?

(A) তম্‌রেজের বৌ ও দীনু ভট্‌চায্যি

(B) তম্‌রেজ ও নীরেন

(C) তম্‌রেজ ও অন্নদা রায়

(D) তম্‌রেজ ও গোকুল

**47.** বিজয়নগর রাজ্যের প্রতিষ্ঠা করেছিল সঙ্গম বংশীয় যে দুই ভাই

(A) রবি ও শশী

(B) রামচন্দ্র ও দেবচন্দ্র

(C) হরিহর ও বুক্ক

(D) ভানুদেব ও চন্দ্রদেব

**48.** তিতাস নদী থেকে বিজয় নদীর দূরত্ব হল

(A) বারো মাইল

(B) তেরো মাইল

(C) চোদ্দো মাইল

(D) পনেরো মাইল

**49.** 'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসে শঙ্করীর মেয়ের নাম ছিল

(A) সুরমা

(B) সুহাস

(C) সুনীতি

(D) সরমা

**50.** রেঙ্গুনে থাকবার সময়ে যে জায়গার কোনো স্মৃতিই ভুবনবাবুর প্রায় ছিল না

(A) দণ্ডকারণ্য

(B) বজ্রযোগিনী

(C) হলুদমোহন

(D) কোটালিপাড়া

**51.** ''মাথার উপর দিয়ে এক ঝাঁক হলুদ পাখি উড়ে গেল।'' কোন পাখি উড়ে গেল?

(A) বসন্ত বউরি

(B) বারবেট

(C) বানটিং

(D) মিনিভেট

**52.** 'ঢোঁড়াইচরিত মানস'-এ দ্বিতীয় চরণের প্রথম কাণ্ডের নাম—

(A) সাগিয়া কাণ্ড

(B) রামিয়া কাণ্ড

(C) বাল কাণ্ড

(D) লঙ্কা কাণ্ড

**53.** ''...'হঠাৎ ট্রেন? যাবি কোথায়?' প্রশ্ন করে বাসুদেব।'' যাকে প্রশ্নটি করা হয় ঃ

(A) অর্জুন

(B) যতীন

(C) যতীশ

(D) নলিন

**54.** বিমল করের 'ইঁদুর' গল্পটি যে পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল ঃ

(A) দেশ

(B) সোপান

(C) উত্তরসূরী

(D) চতুরঙ্গ

**55.** ''মিসেস টোডি, আপনার ছোট মেয়েকে দুরস্ত করা আমার সাধ্য নয়।''— কে বলেছে?

(A) জোছনা

(B) ছলনা

(C) গীতা

(D) বন্দনা

**56.** ''নায়ক নায়িকার দ্বিতীয় মিলন এমনি করিয়াই হইল।'' — নায়ক নায়িকার নাম হল

(A) অভয় ও বাতাসী

(B) অঘোর ও রজনী

(C) অজয় ও বাতাসী

(D) অজয় ও সরমা

**57.** ''কম বয়সে তার আস্থা নেই। বিশ্বাস নেই যৌবনকে।'' এটি যার ভাবনা—

(A) মাজুখাতুন

(B) মোতালেফ

(C) ফুলজান

(D) নাদির শেখ

**58.** ''বড়বাবু সীতানাথের জ্যেষ্ঠ পুত্র''— তার নাম

(A) শ্রীকান্ত

(B) শ্রীনিবাস

(C) শ্রীধর

(D) শ্রীপতি

**59.** ''ওটা যে ফাস্‌টোকেলাস গো''— 'শ্রীপতি সামন্ত' গল্পে এই উক্তিটি যার

(A) শ্রীপতি সামন্ত

(B) কালীকিঙ্কর

(C) শ্যামাপদ

(D) স্টেশনের ছোটবাবু

**60.** ''...'কে তুমি?'
'তোমার সহোদর চিনতে পারছ না?'...।''
যাদের মধ্যে এই কথোপকথন হয়েছে ঃ

(A) জনা ও অগ্নি

(B) জনা ও উলুক

(C) উলুক ও স্বাহা

(D) স্বাহা ও অগ্নি

**61.** ''ওলো তোর নিত্যি নতুন ঢং
বালাই বালাই, ছাই মুখে তোর একি আবার রং!''
এই কথাটি যে যাকে বলেছে—

(A) মদনমঞ্জরী বসন্ত-কে

(B) বিদূষক অগ্নি-কে

(C) প্রবীর মদনমঞ্জরী-কে

(D) জনা মদনমঞ্জরী-কে

**62.** ''দোহাই সাহেবের, আমি চুরি করি নি, আমাকে ছেড়ে দেও—
দোহাই ধর্ম্ম-অবতার, আমি ও টাকা চাইনে''
'একেই কি বলে সভ্যতা?'-য় কার সংলাপ?

(A) নববাবু

(B) কালীবাবু

(C) বাবাজী

(D) মাতাল

**63.** ''কেন দেখব? বেল পাকলে কাকের কি?''
'টিনের তলোয়ার' নাটকে যাঁর উক্তি—

(A) মেথর

(B) বেণীমাধব

(C) ময়না

(D) প্রিয়নাথ

**64.** ''আমি শাস্ত্র মানি না: আমার ধর্মের নাম . . .''
কর্ণ তাঁর ধর্মের নাম যা বলেছিলেন—

(A) দানব্রত

(B) মনুষ্যত্ব

(C) পৌরুষ

(D) কৃতজ্ঞতা

**65.** 'সাজাহান' নাটকটি যাঁকে উৎসর্গ করা হয়েছে

(A) রামমোহন রায়

(B) বেথুন সাহেব

(C) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

(D) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

**66.** 'সাজাহান' নাটকের শেষ সংলাপটি যার—

(A) সাজাহান

(B) জাহানারা

(C) ঔরংজীব

(D) জহরৎ উন্নিসা

**67.** ''দুই চ'কের মাথা খাই মা, আমি কিছুই শুনি নি!
ধ'রে নিয়ে গেছে? সে কি?''
— উক্তিটি কার?

(A) কৃষ্ণমণি

(B) রাধামণি

(C) নুরন্নেহার

(D) আমিরণ

**68.** ''মুরজবীণাসঙ্গিনী স্ত্রী কণ্ঠগীতি''— বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় কার গান প্রসঙ্গে এই কথা বলেছেন?

(A) বিদ্যাপতি

(B) জয়দেব

(C) গোবিন্দদাস

(D) চণ্ডীদাস

**69.** 'বড়বাজার'-এ কমলাকান্ত 'বাঙ্গালা সাহিত্য'-র দোকানে কী বিক্রি হতে দেখলেন?

(A) অমৃত ফল

(B) অপক্ক কদলী

(C) আনারস

(D) পীচ ফল

**70.** ''তাঁর রচনায় সামাজিক রাজনৈতিক বিদ্রোহ আছে, কিন্তু সাহিত্যিক বিদ্রোহ নেই।''— কার সম্পর্কে বুদ্ধদেব বসুর এই মন্তব্য?

(A) বিষ্ণু দে

(B) নজরুল ইসলাম

(C) সত্যেন্দ্রনাথ দত্ত

(D) সুভাষ মুখোপাধ্যায়

[ Please Turn Over ]

**71.** 'প্রবাসী' সম্পাদনায় সহযোগিতা করেছিলেন যিনি

(A) চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়

(B) হেমেন্দ্রকুমার রায়

(C) হেমেন্দ্রপ্রসাদ ঘোষ

(D) সুরেশচন্দ্র সমাজপতি

**72.** রাসসুন্দরী দেবীর শ্বশুরবাড়ি যেখানে ছিল

(A) রামদিয়া

(B) গাওদিয়া

(C) পোতাজিয়া

(D) রামজিয়া

**73.** ''ললিতবাবু পণ্ডিতি বাংলার উপর বিশেষ নারাজ।''— যে প্রবন্ধ থেকে উল্লেখিত তার রচয়িতার নাম

(A) প্রমথ চৌধুরী

(B) অন্নদাশঙ্কর রায়

(C) বুদ্ধদেব বসু

(D) স্বামী বিবেকানন্দ

**74.** ''বোদলেয়রের বিরুদ্ধে আমার সবচেয়ে বড়ো নালিশ এই যে তিনি প্রতিভাবান কবি অথচ তাঁর আশ্চর্য প্রতিভা ক্ষয় করেছেন নিজের এবং আমাদের সকলের সর্বনাশ ঘটাতে।''—
কে এই মন্তব্য করেছেন?

(A) বুদ্ধদেব বসু

(B) বিষ্ণু দে

(C) আবু সয়ীদ আইয়ুব

(D) রবীন্দ্রনাথ ঠাকুর

**75.** 'বইপড়া' প্রবন্ধে লেখক সাহিত্যচর্চার জন্য যার প্রয়োজনের কথা বলেছেন

(A) বৈঠকখানা

(B) জাদুঘর

(C) লাইব্রেরি

(D) আড্ডা

**76.** ''আমরা শিখি ইংরেজি, লিখি বাংলা, মধ্যে থাকে সংস্কৃতের ব্যবধান''— কোন পত্রিকার মুখপত্রে এই মন্তব্য করা হয়েছে?

(A) বঙ্গদর্শন

(B) প্রবাসী

(C) সবুজপত্র

(D) কল্লোল

**77.** ''তবে তাই লহো সাথে, তবে তাই করো আজি দান''— উদ্ধৃতাংশটি কোন কবিতায় আছে?

(A) সাধনা

(B) অন্তর্যামী

(C) এবার ফিরাও মোরে

(D) জীবনদেবতা

**78.** ''বয়স যখন অল্প ছিল
কর্তব্যের বেড়ায় ফাঁক ছিল যেখানে সেখানে।''
— কোন কাব্যগ্রন্থের কবিতা?

(A) চিত্রা

(B) পুনশ্চ

(C) নবজাতক

(D) উপরের কোনোটিই নয়

**79.** ''নীলশৈলের গায়ে . . .
দেখি লুকোচুরি খেলে মেঘ আর রোদ্দুর''
'নবজাতক' কাব্যগ্রন্থের এই কবিতায় যে স্থানের পাহাড়ের কথা বলা হয়েছে

(A) ডালহৌসি

(B) দার্জিলিং

(C) মোরাবাদি

(D) মংপু

**80.** ''ওর ঐ লম্বা গড়নটি আমাকে মুগ্ধ করে; যেন প্রাণের ফোয়ারার ধারা''— যার ভাবনা

(A) শ্রীবিলাস

(B) শচীশ

(C) সন্দীপ

(D) নিখিলেশ

**81.** ননিবালা বিধবা মায়ের সঙ্গে যেখানে আশ্রয় নিয়েছিল

(A) মামার বাড়িতে

(B) শচীশের বাড়িতে

(C) শ্রীবিলাসের বাড়িতে

(D) দামিনীর বাড়িতে

**82.** 'নিশীথে' গল্পে দক্ষিণাচরণের দ্বিতীয়া স্ত্রীর নাম হল

(A) সুরমা

(B) বিভা

(C) ইলা

(D) মনোরমা

**83.** "পতিব্রতা স্ত্রী চাও যদি আগে ব্রতের মিল করাও" কথাটি যিনি বলেছেন

(A) নন্দকিশোর

(B) সোহিনী

(C) অধ্যাপক

(D) রেবতী

**84.** "আর বলতে হবে না দাদা। কিন্তু দশ দিকে তো আমরা এ-সব রঙ গন্ধ দেখতে পাই নে।"

— বক্তা কে?

(A) প্রথম শোণপাংশু

(B) দ্বিতীয় শোণপাংশু

(C) প্রথম দর্ভক

(D) পঞ্চক

**85.** 'মুক্তধারা' নাটকে ফুলওয়ালী কোথা থেকে আসত?

(A) ফুলতলি

(B) উত্তরকূট

(C) দেওগ্রাম

(D) দেওতলি

**86.** 'সাহিত্যের পথে' গ্রন্থে 'অয়মহং ভোঃ' বলতে রবীন্দ্রনাথ বলেছেন

(A) আমাকে গ্রহণ করো

(B) আমাকে প্রতিষ্ঠা দাও

(C) আমাকে ত্যাগ করো

(D) আমাকে দেখো

**87.** 'জাপান যাত্রী'- তে কোন শহর প্রসঙ্গে ইরাবতী নদীর কথা এসেছে?

(A) রেঙ্গুন

(B) টোকিও

(C) সিঙ্গাপুর

(D) হংকং

**88.** "বাংলা কত উদ্ভট গানই তাঁহার মুখস্থ ছিল"— কার কথা বলা হয়েছে?

(A) শ্রীকণ্ঠ সিংহ

(B) অক্ষয়চন্দ্র চৌধুরী

(C) কিশোরী চাটুজ্যে

(D) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর

**89.** "ও যেন বৃষ্টি নয়
কোনো বিরহিণী দিগবধূর অশ্রান্ত ক্রন্দন।"

এটি কোন অলংকারের দৃষ্টান্ত?

(A) উৎপ্রেক্ষা

(B) অপহ্নুতি

(C) অতিশয়োক্তি

(D) রূপক

**90.** "আমি নইলে মিথ্যা হ'ত সন্ধ্যাতারা ওঠা
মিথ্যা হ'ত কাননে ফুল ফোটা"

এটি যে অলংকার—

(A) রূপক

(B) সন্দেহ

(C) অতিশয়োক্তি

(D) উপমা

**91.** "ও-পারেতে সোনার কূলে আঁধার মূলে কোন মায়া গেয়ে গেল কাজ-ভাঙানো গান।"

এটি যে ছন্দ—

(A) দলবৃত্ত

(B) অক্ষরবৃত্ত

(C) মাত্রাবৃত্ত

(D) মুক্তক

**92.** "ভূতের মতন চেহারা যেমন নির্বোধ অতি ঘোর যা কিছু হারায় গিন্নি বলেন কেষ্টা বেটাই চোর।"

এটি যে ছন্দ—

(A) শ্বাসাঘাতপ্রধান

(B) ধ্বনিপ্রধান

(C) তানপ্রধান

(D) মুক্তক

**93.** ধ্বনিবাদকে প্রতিষ্ঠা দেন

(A) আচার্য ভরত

(B) আনন্দবর্ধন

(C) ভট্টলোল্লট

(D) অভিনবগুপ্ত

**94.** 'ক্রোধ' ভাবটি কোন রসে পরিণত হয়?

(A) ভয়ানক

(B) বীর

(C) রৌদ্র

(D) বীভৎস

**95.** রীতিবাদের প্রবক্তা

(A) আনন্দবর্ধন ও কুন্তক

(B) ভট্টশঙ্কুক ও ভট্টলোল্লট

(C) দণ্ডী ও বামন

(D) ভামহ ও ভরত

**96.** 'হরিপ্রিয়া প্রকরণ' 'উজ্জ্বলনীলমণি'র

(A) দ্বিতীয় অধ্যায়ভুক্ত

(B) তৃতীয় অধ্যায়ভুক্ত

(C) সপ্তম অধ্যায়ভুক্ত

(D) অষ্টম অধ্যায়ভুক্ত

**97.** সাধনপরা, দেবী এবং নিত্যপ্রিয়া হল

(A) পরোঢ়া নায়িকার ভাগ

(B) যৌথিকী নায়িকার ভাগ

(C) শ্রুতিচরী নায়িকার ভাগ

(D) অযৌথিকী নায়িকার ভাগ

**98.** যে নায়িকা অপরাধী প্রিয়কে উপহাসসহ বক্রোক্তি করেন তিনি হলেন

(A) ধীরা নায়িকা

(B) অধীরা নায়িকা

(C) ধীরমধ্যা নায়িকা

(D) অধীরমধ্যা নায়িকা

**99.** 'পোয়েটিক্স'-এ কোন শিল্প-প্রকরণের কথা বলা হয়নি?

(A) ট্রাজেডি

(B) কমেডি

(C) মহাকাব্য

(D) উপন্যাস

**100.** ট্রাজেডির অন্তরঙ্গ উপাদানের মধ্যে দুটি

(A) কাহিনি ও চরিত্র

(B) ভাষা ও দৃশ্য

(C) সংগীত ও দৃশ্য

(D) ভাষা ও সংগীত

**Space for Rough Work**

**Space for Rough Work**

**Space for Rough Work**

**Space for Rough Work**